## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

### সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৭৩/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার ১১ অক্টোবর ২০১৮, ২৬ আশ্বিন ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় ঘোষণা : দন্ডিত পলাতকদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

২। ২১ আগস্ট গ্রেনেড হামলার রায় একটি ঐতিহাসিক রায় : বাণিজ্যমন্ত্রী

৩। রায়ে পুরোপুরি খুশি নয় আওয়ামী লীগ, আপিলে সর্বোচ্চ শাস্তির দাবি : সেতুমন্ত্রী

৪। রায়ের কাগজপত্র পাওয়ার পরে আপিলের চিন্তাভাবনা : আইনমন্ত্রী

৫। সাজাপ্রাপ্ত পলাতকদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। আন্তর্জাতিক গণমাধ্যমে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়

৭। চিকিৎসা বিভ্রাটে রোগীর মৃত্যু কাম্য নয় : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি

৮। সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে দায়িত্ব পালন করুন : বেসরকারি টিভি চ্যানেলগুলোকে প্রধানমন্ত্রী

৯। সংগীতশিল্পী মিতা হক, সাংবাদিক জালাল উদ্দিনের চিকিৎসায় ৫০ লাখ টাকা অনুদান প্রধানমন্ত্রীর

১০। সরকারের লক্ষ্য পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা : কৃষিমন্ত্রী

১১। কোরিয়া থেকে ৭০ রেলইঞ্জিন ক্রয় করার চুক্তি স্বাক্ষর

১২। মানবিক বিকাশে সংস্কৃতিচর্চার বিকল্প নেই : সংস্কৃতিমন্ত্রী

১৩। সাইবার হুমকি শনাক্তে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও মাইক্রোসফটের মধ্যে চুক্তি
এ চুক্তি আমাদের জাতীয় নিরাপত্তা শক্তিশালীকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে : আইসিটি মন্ত্রী

১৪। শিশুরাই দেশের বড় সম্পদ : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১৫। আইকাও কাউন্সিল প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড পেল বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

১৬। ঘূর্ণিঝড় 'তিতলি'র প্রভাবে সমুদ্রবন্দরকে ৪ নম্বর হুঁশিয়ারি সংকেত : নৌযান চলাচল বন্ধ থাকবে

চলমান পাতা-২

**১। ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় ঘোষণা : দন্ডিত পলাতকদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি**

২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু অ্যাভিনিউতে তৎকালীন বিরোধী দলীয় নেত্রী ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভায় গ্রেনেড হামলার দুই মামলায় (হত্যা ও বিস্ফোরক) বিএনপি-জামায়াত জোটের সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ ১৯ জনকে মৃত্যুদন্ড দেওয়া হয়েছে। এ একই মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ ১৯ জনকে যাবজ্জীবন কারাদন্ড দেওয়া হয়েছে। অন্যদিকে এ মামলায় পুলিশের সাবেক আইজিসহ ১১ জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়েছে। গতকাল (১০ অক্টোবর বুধবার) পুরান ঢাকার কেন্দ্রীয় কারাগারের সামনে অস্থায়ী বিশেষ আদালত ঢাকা দ্রুতবিচার ট্রাইব্যুনাল-১ এর বিচারক শাহেদ নূর উদ্দিন (জেলা ও দায়রা জজ) চাঞ্চল্যকর এ দুই মামলার রায় ঘোষণা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। ২১ আগস্ট গ্রেনেড হামলার রায় একটি ঐতিহাসিক রায় : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ২১ আগস্ট গ্রেনেড হামলার রায়কে যুগান্তকারী এবং একটি ঐতিহাসিক রায় হিসেবে আখ্যায়িত করে বলেছেন, স্বচ্ছ বিচার হয়েছে বলেই গ্রেনেড হামলা মামলায় কারও ফাঁসি, কারো যাবজ্জীবন হয়েছে। গতকাল (১০ অক্টোবর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভার বৈঠকশেষে রায়ের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

**৩। রায়ে পুরোপুরি খুশি নয় আওয়ামী লীগ, আপিলে সর্বোচ্চ শাস্তির দাবি : সেতুমন্ত্রী**

২০০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার মূল পরিকল্পনাকারী হিসেবে আদালতে উঠে আসা বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ফাঁসির রায়ের প্রত্যাশায় ছিল আওয়ামী লীগ। আর প্রত্যাশিত রায় না পাওয়ায় পুরোপুরি সন্তুষ্ট কিংবা খুশি হতে পারেনি দলটি। তারেক রহমানকে এ হামলার প্ল্যানার বা মাস্টারমাইন্ড আখ্যায়িত করে আপিলে তার সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছেন দলটির কেন্দ্রীয় নেতারা। একইসঙ্গে খালেদা জিয়াকেও এ বিচারের আওতায় আনার দাবি জানানো হয়েছে। গতকাল (১০ অক্টোবর বুধবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে দলটির সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (প.১,ক.৬) **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৪। রায়ের কাগজপত্র পাওয়ার পরে আপিলের চিন্তাভাবনা : আইনমন্ত্রী**

২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় দেখার পরে ব্যবস্থা গ্রহণ করবো জানিয়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, এ মামলা শেষ হয়েছে, তাতে আমরা সন্তুষ্ট। রায়ের কাগজপত্র পাওয়ার পরে আমরা চিন্তাভাবনা করবো, এ রায়ে তারেক রহমান এবং আরও দু'জন-কায়কোবাদ ও হারিছ চৌধুরীকে যে যাবজ্জীবন দেওয়া হয়েছে, সেটার জন্য আমরা উচ্চতর আদালতে গিয়ে তাদের ফাঁসির জন্য (এনহ্যান্সমেন্ট) আপিল করবো কিনা। গতকাল (১০ অক্টোবর বুধবার) রায় ঘোষণার পর সচিবালয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি সাংবাদিকদের কাছে এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (প.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৫। সাজাপ্রাপ্ত পলাতকদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

২১ আগস্ট গ্রেনেড হামলার রায়ের সাজাপ্রাপ্ত পলাতক আসামিদের দেশে ফিরিয়ে আনতে সরকারের তরফ থেকে উদ্যোগ নেওয়া হবে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশের মানুষ মনে করে, এ রায়ে যোগ্য বিচার হয়েছে। দেশে যারাই অপকর্ম করবে তাদের শাস্তি হবে এ রায়ের মাধ্যমে তা আবারও প্রমাণিত হয়েছে। গতকাল (১০ অক্টোবর বুধবার) রায়ের পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সচিবালয়ে সাংবাদিকদের সাথে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭)।

**৬। আন্তর্জাতিক গণমাধ্যমে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়**

বর্বরোচিত ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ের খবর বিশেষ গুরুত্ব পেয়েছে আন্তর্জাতিক গণমাধ্যমে। গতকাল (১০ অক্টোবর বুধবার) আদালতের রায়ে ১৯ জনের মৃত্যুদণ্ড ও ১৯ জনের যাবজ্জীবনের খবর ফলাও করে প্রকাশ করেছে বিবিসি, রয়টার্স, আনন্দবাজার, আল জাজিরা, এপি, দা গালফ টুডে, হিন্দুস্তান টাইমস, সিনহুয়াসহ প্রভাবশালী আন্তর্জাতিক গণমাধ্যম। অধিকাংশ গণমাধ্যমই এটি একটি রাজনৈতিক ও পরিকল্পিত হামলা উল্লেখ করে



তারেক রহমানের যাবজ্জীবনের খবরকে গুরুত্ব দিয়েছে। বলা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে ব্যবহৃত আর্জেস গ্রেনেড এসেছিল পাকিস্তান থেকে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৭। চিকিৎসা বিভ্রাটে রোগীর মৃত্যু কাম্য নয় : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, চিকিৎসা বিভ্রাটের জন্য কোনো রোগী যেন মারা না যায় সেদিকে ডাক্তারদের লক্ষ্য রাখতে হবে। গতকাল (১০ অক্টোবর বুধবার) কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলার জাফ্রাবাদে প্রতিষ্ঠিত প্রেসিডেন্ট আবদুল হামিদ মেডিকেল কলেজ আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ সময় রাষ্ট্রপতি কলেজ ক্যাম্পাসে একটি হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**৮। সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে দায়িত্ব পালন করুন : বেসরকারি টিভি চ্যানেলগুলোকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোকে মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে শিক্ষামূলক অনুষ্ঠান সম্প্রচারে মনোনিবেশ করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে গতকাল (১০ অক্টোবর বুধবার) তাঁর কার্যালয়ে বেসরকারি টেলিভিশন চ্যানেল মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অভ্ প্রাইভেট টেলিভিশন চ্যানেল ওনার্স (এটিসিও) এর নেতারা সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। ‘ডিজিটাল নিরাপত্তা আইন’ নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনায় এটিসিও’র নেতারা এ আইনটির প্রতি তাদের পূর্ণ সমর্থন জানান। পাশাপাশি অনলাইন মিডিয়াগুলোকে জবাবদিহিতার আওতায় আনার জন্যও প্রধানমন্ত্রীর প্রতি তাগিদ দেন। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, তথ্যপ্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মো. নজিবুর রহমান, তথ্যসচিব আবদুল মালেক, প্রধানমন্ত্রীর প্রেসসচিব ইহসানুল করিম এবং প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার সাক্ষাতকালে উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ, ক. ১)।

**৯। সংগীতশিল্পী মিতা হক, সাংবাদিক জালাল উদ্দিনের চিকিৎসায় ৫০ লাখ টাকা অনুদান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসুস্থ রবীন্দ্র সংগীতশিল্পী মিতা হক ও আলোকচিত্র সাংবাদিক জালাল উদ্দিন হায়দারের চিকিৎসার জন্য অনুদান হিসেবে ৫০ লাখ টাকা দিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল (১০ অক্টোবর বুধবার) তাঁর কার্যালয়ে মিতা হক ও জালাল উদ্দিন হায়দারের কাছে যথাক্রমে ৩০ লাখ ও ২০ লাখ টাকার আর্থিক সহায়তার চেক হস্তান্তর করেন। এ সময় প্রধানমন্ত্রী আরও ছয়জনকে তাদের ভরণপোষণ ও চিকিৎসার জন্য মোট ৮৫ লাখ টাকা এবং একটি প্রতিষ্ঠানকে ১০ লাখ টাকার আর্থিক সহায়তার চেক প্রদান করেন। সূত্র-**সংবাদ** (প.২,ক.৮) **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**১০। সরকারের লক্ষ্য পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বর্তমান সরকারের লক্ষ্য টেকসই খাদ্য উৎপাদন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের জনগণের জন্য পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা। এজন্য সনাতন কৃষি উৎপাদন পদ্ধতির স্থলে দেশে আধুনিক প্রযুক্তিনির্ভর কৃষি উৎপাদন ব্যবস্থা গড়ে ওঠায় দেশের কৃষি উৎপাদন বাড়ছে এবং পেশা হিসেবে কৃষি জীবিকা নির্বাহের স্তর থেকে বাণিজ্যিক স্তরে উন্নীত হয়েছে। গতকাল (১০ অক্টোবর বুধবার) সিরডাপ মিলনায়তনে একটি পুস্তকের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১১। কোরিয়া থেকে ৭০ রেলইঞ্জিন ক্রয় করার চুক্তি স্বাক্ষর**

৭০টি মিটারগেজ লোকোমোটিভ ক্রয়ের জন্য প্রকল্প গ্রহণের ৭ বছর পর কোরিয়ার নির্মাণকারী একটি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করেছে রেলওয়ে। গতকাল (১০ অক্টোবর বুধবার) রেলভবনে লোকোমোটিভ নির্মাণকারী প্রতিষ্ঠান হুন্দাই রোটেমের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তিতে বাংলাদেশের পক্ষে প্রকল্প পরিচালক আবদুল মতিন চৌধুরী এবং নির্মাণকারী প্রতিষ্ঠানের পক্ষে গ্লোবাল রেল হুন্দাই রোটেমের পরিচালক কোয়াং কুন ইউন চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় রেলপথমন্ত্রী মো. মুজিবুল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রেলপথমন্ত্রী বলেন, এটি রেলওয়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ চুক্তি। ইঞ্জিন পাওয়া শুরু করলে অধিক পরিমাণে বিভিন্ন রুটে ট্রেন চালানো সম্ভব হবে



এবং এর মাধ্যমে বেশি করে রাজস্ব আহরণ করা যাবে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬) **ইনকিলাব** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১২। মানবিক বিকাশে সংস্কৃতিচর্চার বিকল্প নেই : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, আগামী প্রজন্মকে মানুষ হিসেবে গড়ে তুলতে হলে শুধু লেখাপড়ার মধ্যে নিমজ্জিত না রেখে সংস্কৃতিমনা মানসিকতা তৈরির মাধ্যমে অসাম্প্রদায়িক বাঙালি হিসেবে গড়ে তুলতে হবে। মানবিক বিকাশে সংস্কৃতিচর্চার কোনো বিকল্প নেই। গত ৯ অক্টোবর মঙ্গলবার পঞ্চগড় সরকারি অডিটোরিয়ামের মুক্তমঞ্চে আন্তর্জাতিক নাট্যউৎসবের উদ্বোধন সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ১৩,ক.৪)।

**১৩। সাইবার হুমকি শনাক্তে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও মাইক্রোসফটের মধ্যে চুক্তি**

**এ চুক্তি আমাদের জাতীয় নিরাপত্তা শক্তিশালীকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে : আইসিটি মন্ত্রী**

জাতীয় নিরাপত্তা রক্ষা ও সাইবার হুমকি শনাক্তে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও মাইক্রোসফটের মধ্যে চুক্তি হয়েছে। 'গভর্নমেন্ট সিকিউরিটি প্রোগ্রাম' (জিএসপি) বিষয়ে এ চুক্তির আওতায় মাইক্রোসফটের ডিজিটাল ক্রাইম ইউনিট (ডিসিইউ) বাংলাদেশকে 'সাইবার থ্রেট ইন্টেলিজেন্স' এর কম্পিউটার ইন্সিডেন্স রেসপন্স টিমকে (সিআইআরটি) প্রয়োজনীয় তথ্য প্রদান করবে। গতকাল (১০ অক্টোবর বুধবার) রাজধানীর আইসিটি টাওয়ারে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মিলনায়তনে বিসিসি জাতীয় ডাটা সেন্টারের পরিচালক তারেক এম বরকতুল্লাহ এবং মাইক্রোসফট ইউএস এর সিনিয়র পরিচালক ডিসিইউ মার্ক ইস্টবার্গ চুক্তিতে স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন। এ সময় আইসিটি মন্ত্রী মোস্তাফা জব্বার উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মন্ত্রী বলেন, সাইবার হুমকি শনাক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাইক্রোসফটের সঙ্গে এ চুক্তি আমাদের জাতীয় নিরাপত্তা শক্তিশালীকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। ডিজিটাল নিরাপত্তা বিষয়ে শিক্ষা সচেতনতা এবং তথ্যাদি পেতে সহায়ক ভূমিকা পালন করবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (শেষ পৃ.১,ক.৬)।

**১৪। শিশুরাই দেশের বড় সম্পদ : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, শিশুরাই দেশের সবচেয়ে বড় সম্পদ। বাংলাদেশের জনসংখ্যার প্রায় ২ কোটি শিশু। তাদের সঠিক ও যথাযথ যত্নের ওপর নির্ভর করছে বাংলাদেশের ভবিষ্যৎ। শিশুদের মধ্যে অধিকাংশই কন্যাশিশু। কন্যাশিশুকে অবহেলা করে উন্নত বাংলাদেশের স্বপ্ন দুঃস্বপ্ন। গতকাল (১০ অক্টোবর বুধবার) ইস্কাটনে মহিলা অধিদপ্তর মিলনায়তনে জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আলোচনা ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**১৫। আইকাও কাউন্সিল প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড পেল বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ**

আকাশপথের নিরাপত্তা সূচকে ভারতসহ এশিয়ার ৬ দেশকে পেছনে ফেলে 'আইকাও কাউন্সিল প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড' পেয়েছে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। গত ৯ অক্টোবর মঙ্গলবার কানাডার মন্ট্রিলে ইন্টারন্যাশনাল সিভিল এভিয়েশন অর্গানাইজেশন (আইকাও) সদরদফতরে ১৩তম এয়ার নেভিগেশন কনফারেন্সের উদ্বোধন অনুষ্ঠানে এ সম্মাননা দেওয়া হয় বাংলাদেশকে। বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল এম

নাইম হাসানের হাতে এ পুরস্কার তুলে দেন আইকাও প্রেসিডেন্ট ড. বানার্ড আলিও। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৪)।

**১৬। ঘূর্ণিঝড় 'তিতলি'র প্রভাবে সমুদ্রবন্দরকে ৪ নম্বর হুঁশিয়ারি সংকেত : নৌযান চলাচল বন্ধ থাকবে**

ঘূর্ণিঝড় 'তিতলি'র প্রভাবে চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৪ নম্বর হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। বৈরী আবহাওয়া বিরাজ করায় অভ্যন্তরীণ সব রুটে নৌযান চলাচল বন্ধ ঘোষণা করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। বঙ্গোপসাগরে প্রবল ঘূর্ণিঝড় 'তিতলি' আজ **১১** অক্টোবর বৃহস্পতিবার সকাল নাগাদ ভারতের উত্তর অন্ধ্রপ্রদেশ ও উড়িষ্যা উপকূলে আঘাত হানতে পারে বলে ধারণা করছেন আবহাওয়াবিদগণ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (প.১,ক.১) **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২)।

=৫=

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** উপজেলা হাসপাতালগুলোতে চিকিৎসকের অভাবে চিকিৎসাবঞ্চিত হয়ে চরম দুর্ভোগে পড়ছে গ্রামগঞ্জের মানুষ উল্লেখ করে চিকিৎসকদের শুধু শহরকেন্দ্রিক না হয়ে গ্রাম পর্যায়েও চিকিৎসাসেবা প্রদানের আহ্বান।

খ. **বণিক বার্তা** : প্রধানমন্ত্রী শেখ হাসিনা দক্ষিণ এশিয়ার উন্নয়নে সমুদ্র যোগাযোগকে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেছেন উল্লেখ করে এজন্য প্রয়োজন দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন বলে মতপ্রকাশ।

গ. **যায়যায়দিন, ভোরের কাগজ, সংবাদ :** বহুল আলোচিত **২১** আগস্ট গ্রেনেড হামলার মামলার রায় আদালত দেওয়ায় স্বস্তি প্রকাশ করে অবিলম্বে দণ্ড কার্যকর করার দাবি।

ঘ. **যুগান্তর :** গত দুইবছর ধরে ডেভেলপমেন্ট ফাইন্যান্স ইন্টারন্যাশনালের সঙ্গে যৌথভাবে আন্তর্জাতিক দাতব্য সংস্থা অক্সফাম সিআরআই ধনী-গরিবের বৈষম্য কমানোর প্রতিশ্রুতির যে সূচক প্রকাশ করেছে তাতে বাংলাদেশের অবস্থান হতাশাজনক উল্লেখ করে এ বৈষম্য কমাতে অর্থনীতিতে ব্যাপক সংস্কার প্রয়োজন বলে মতপ্রকাশ।

ঙ. **প্রথম আলো :** ৭ থেকে ২৮ অক্টোবর পর্যন্ত উপকূলীয় এলাকার সব নদ-নদী থেকে মা ইলিশসহ সব ধরনের ইলিশ মাছ ধরা, বহণ, মজুত ও বিক্রি নিষিদ্ধ করার পরেও দেশের বিভিন্ন স্থানে নিষেধাজ্ঞা উপেক্ষা করে জেলেদের মাছ ধরার খবর পাওয়া যাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট** : শিশু-কিশোরদের বেশিরভাগ মানসিক সমস্যা শৈশবেই শুরু হয় উল্লেখ করে এ ব্যাপারে পরিবার ও সমাজকে যত্নবান হওয়ার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশের বিপুল সংখ্যক বেকারকে শ্রমশক্তিকে কাজে লাগাতে কার্যকর জাতীয় পরিকল্পনা গ্রহণ করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'উদ্ভাবন গবেষণায় যথোচিত গুরুত্ব দিতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের প্রতিটি ক্ষেত্রেই সর্বাধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহারের ব্যবস্থা গ্রহণ, শিক্ষাকে আধুনিক ও বিশ্বমানের করা এবং শিক্ষার হার শতভাগ করা আবশ্যক।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা